

আমরা কিভাবে সাহায্য করতে পারি

বেডফোর্ডশায়ারে অপরাধের ফলে ক্ষতিগ্রস্তদের সহায়তার উদ্দেশ্যে এক অভিনব নতুন দৃষ্টিভঙ্গী হল সাইনপোস্ট হাব, অপরাধের শিকার যেসব ব্যক্তি তাঁদেরকে সবকিছুর কেন্দ্রে রেখেই আমরা কাজ করি। এই হাব বা কেন্দ্রটি অপরাধের ফলে ক্ষতিগ্রস্ত যেকোনো ব্যক্তিকে বিনামূল্যের এবং গোপনীয় সহায়তা প্রদান করে, অপরাধের ঘটনাটি পুলিশের জানানো হয়ে থাকুক বা না হয়ে থাকুক তার ভেদাভেদ না করেই। এটি যে ব্যক্তি নিজে অপরাধের শিকার সি ব্যক্তিকে, তার শোকার্ত আত্মীয়স্বজন, 18 বছরের কমবয়সী অপরাধের শিকার ব্যক্তির মা-বাবা অথবা অভিভাবক এবং যেক্ষেত্রে কোন ব্যবসা অপরাধের বিষয় সেক্ষেত্রে কর্মী সদস্যদের অন্তর্ভুক্ত করে।

যখন আপনি কোনো অপরাধের ঘটনা পুলিশকে জানাবেন, তখন আপনার কোনো অতিরিক্ত সহায়তার প্রয়োজন আছে কিনা তা দেখতে, আপনি কিভাবে অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং আপনার ব্যক্তিগত পরিস্থিতি জানার জন্য আপনাকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। আপনাকে সাহায্য করার সেরা উপায়ের বিষয়ে সিদ্ধান্ত নিতে আমরা এই তথ্য ব্যবহার করব।

আমরা আপনার সাথে ফোনে বা লিখিতভাবে যোগাযোগ করতে পারি। আপনার কেমন সাহায্যের প্রয়োজন এবং কোন কোন স্থানীয় সহায়তা পাওয়া যেতে পারে তা আমাদের একজন দক্ষ ভিকটিম কেয়ার কোঅর্ডিনেটার (আক্রান্ত ব্যক্তির পরিচর্যা

সমন্বয়কারী) সনাক্ত করতে পারবেন। প্রয়োজন হলে ম্যাজিস্ট্রেটসের অথবা ক্রাউন কোর্টে যেকোনো মামলাতেও আমরা আপনাকে সহায়তা করতে পারব।

আমরা পুনর্স্থাপনের ন্যায্যবিচারের সুবিধাগুলির সম্পর্কেও আপনার সাথে আলোচনা করব, যা অপরাধী আপনার সাথে অন্যায বা অপরাধ করার ফলে তার যে বাস্তবিক প্রভাব আপনার উপরে পড়েছে সে সম্পর্কে তাকে জানানোর সুযোগ দেবে।

মানসিক সহায়তা

যদি আপনি সম্প্রতি কোনো অপরাধের শিকার হয়েছেন অথবা অতীতে ঘটে যাওয়া অপরাধের থেকে বিলম্বিত প্রভাব অনুভব করছেন, তাহলে কি ঘটেছে তা বুঝতে এবং মানসিক-ক্ষত সংক্রান্ত অভিজ্ঞতার সাথে কিভাবে যুক্ত হতে হবে এবং তা থেকে উদ্ধার পেতে হবে, সে বিষয়ে আমরা আপনাকে সাহায্য করতে পারব।

আমাদের অভিজ্ঞ কর্মী ও স্বৈচ্ছাসেবীগণ জানেন আপনাকে কী কী মানসিক অবস্থা ও প্রতিদ্বন্দ্বীতার মধ্যে দিয়ে যেতে হয়েছে। আপনার কথা শোনার জন্য এবং আপনাকে সাহায্য করা ও পরামর্শ দেওয়ার জন্য তাঁরা বিশেষভাবে প্রশিক্ষিত।

প্রায় ক্ষেত্রেই কারো সাথে শুধুমাত্র কথা বললে, বিশেষত সেই ব্যক্তি যদি আপনার পরিবারের বা বন্ধুদের মধ্যে থেকে না হন, তাহলে তা কি ঘটেছে তা বুঝতে এবং আপনাকে তার সাথে যুক্ত হতে ও তা থেকে উদ্ধার পাওয়ার একটি পথ খুঁজে বের করতে সাহায্য করতে পারে।

আপনার ভয়, উদ্বেগ এবং মনোভাব ব্যক্ত করার জন্য আমরা আপনাকে একটি নিরাপদ, নিরপেক্ষ স্থানের বন্দোবস্ত করতে পারি। আমাদের মানসিক সহায়তা গোপনীয় এবং সমালোচনামূলক নয়।

এছাড়াও আমরা বেশ কিছু বিশেষজ্ঞ সংগঠন এবং কমিউনিটি সহায়তা দলের সাথে কাজ করি যাদের সাথে যোগাযোগ করার জন্য আমরা আপনাকে সাহায্য করতে পারি।



বাস্তব সহায়তা

কোনো অপরাধের প্রভাব কেবলমাত্র মানসিক নয়। আপনাকে বাস্তব সমস্যার সাথেও মোকাবিলা করতে হতে পারে, যেমন আপনার সম্পত্তির ক্ষতি অথবা বীমার কাগজপত্র পূরণ করা থেকে শুরু করে গুরুতর চিকিৎসা সংক্রান্ত সমস্যা অথবা গৃহহীন হয়ে পড়া। এমনকি ফৌজদারি বিচার ব্যবস্থার মধ্য দিয়ে যাওয়ার সময় সে বিষয়ে বুঝতে আপনার সাহায্যের প্রয়োজন হতে পারে, অথবা ফৌজদারি ক্ষতিপূরণের দাবী জানানোর জন্য সাহায্য দরকার হতে পারে।

বিকল্প উপায় এবং পরবর্তী পদক্ষেপগুলি বোঝার জন্য আপনার যে যে তথ্যের প্রয়োজন তা আমরা আপনাকে দেব।

যদি আপনি নিজে অথবা আপনার পরিচিত কেউ অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত হন, সেক্ষেত্রে তার সাথে যুক্ত হতে ও আপনার অভিজ্ঞতা থেকে উদ্ধার পেতে আপনাকে সক্ষম করে তুলতে এবং ভিকটিমস অফ ক্রাইম (অপরাধের শিকার) - এর জন্য কোড অফ প্র্যাকটিস 2015 - এর অধীনে আপনার অধিকারসমূহ পাওয়া নিশ্চিত করতে এই হাব বা কেন্দ্রটি সহায়তা প্রদান করতে পারে।

এই পরিষেবাটি বিনামূল্যের এবং অপরাধ কোথায় এবং কখন ঘটেছে তা ভেদাভেদ না করেই যে কোনো ব্যক্তি যিনি অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁর জন্য লভ্য।

সহায়তা পেতে যোগাযোগ করুন
সাইনপোস্ট হাব

ফ্রীফোন: 0800 0282 887

(ল্যান্ডলাইন এবং মোবাইল থেকে সব কল বিনামূল্যের)

ইমেল: info@signpostforbedfordshire.com

খোলা থাকার সময়:

সোমবার থেকে শুক্রবার: সকাল ৪টা থেকে - সন্ধ্যা ৪টা

শনিবার: সকাল ৭টা থেকে - বিকাল ৫টা

কাজের সময়ের বাইরে আপনি ভয়েসমেল রাখতে পারেন, আমরা পরে কল করে নেবো।



ওয়েবসাইট: www.signpostforbedfordshire.com

টুইটার: @SignpostBedfordshire



বেডফোর্ডশায়ারে অপরাধের শিকার ব্যক্তিদের সহায়তা করে চলেছে

